**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 31-05-2026**
**Time: 07:54-08:00 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কেন্দ্রীয় নগর উন্নয়ন মন্ত্রী মনোহর লাল বলেছেন, রাজ্যে স্ট্রিট ভেন্ডর অর্থাৎ পথ ব্যবসায়ীদের মধ্যে পিএম স্বনিধি যোজনায় ৯ হাজার ৩০০ জনকে ১৫ কোটি টাকারও বেশি ঋন দেওয়া হয়েছে।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী 'মন কি বাত' অনুষ্ঠানের ১৩৪-তম পর্বে জাতি গঠন, সাংস্কৃতিক গর্ব এবং সম্মিলিত উদ্যোগের গুরুত্ব তুলে ধরেন।**

**(৩) কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান আগামীকাল মধ্যপ্রদেশের রায়সেন জেলা থেকে 'ক্ষেত বাঁচাও অভিযান'-এর উদ্বোধন করবেন।**

*********************************************************

**PM SVANidhi Union Minister-1:**

কেন্দ্রীয় শহুরী বিকাশ, নগোরন্নয়ন ও বিদ্যুৎ মন্ত্রী মনোহর লাল বলেছেন, রাজ্যে স্ট্রিট ভেন্ডর অর্থাৎ পথ ব্যবসায়ীদের মধ্যে পিএম স্বনিধি যোজনায় ৯ হাজার ৩০০ জনকে ১৫ কোটি টাকারও বেশি ঋন দেওয়া হয়েছে। পিএমস্বনিধি কর্মসূচীর ৬ বছর পূর্তি উপলক্ষ্যে আজ আগরতলায় মুক্তধারা অডিটরিয়ামে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি একথা বলেন| কেন্দ্রীয় মন্ত্রী অনুষ্ঠানে পথ ব্যবসায়ীদের হাতে ঋনের চেক তুলে দেন, ডিজিটাল লেনদেনের জন্য কিউ আর কোড বিতরন করেন।

অনুষ্ঠানে তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০২০ সালে পিএম স্বনিধি যোজনা চালু করেন। এটা প্রধানমন্ত্রীর দূরদৃষ্টি সম্পন্ন এক প্রকল্প। এই যোজনায়

সারা দেশে ৭৫ লক্ষ স্ট্রিট ভেন্ডার চিহ্নিত হয়েছেন। উত্তরপূর্বাঞ্চলে সেই সংখ্যা দুই লক্ষ পঞ্চাশ হাজার। আর ত্রিপুরায় এই সংখ্যা ৯ হাজার তিনশো'র বেশি। এই যোজনায় প্রথমে স্ট্রিট ভেন্ডারদের জন্য ঋনের পরিমান ছিল ১0 হাজার টাকা। এখন তা বাড়িয়ে করা হয়েছে ১৫ হাজার টাকা l প্রথম কিস্তির ঋন পরিষোধ করলে দ্বিতীয় কিস্তিতে ৩0 হাজার টাকা এবং তা পরিশোধ করলে তৃতীয় কিস্তির জন্য ৫0 হাজার টাকা পর্যন্ত ঋণ মিলবে।

########Byte Monohar Lal########

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহাও বক্তব্য রাখেন| অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন নগোরন্নয়ন সচিব মিলিন্দ রামটেকে। এই আগে কেন্দ্রীয় মন্ত্রী মনোহর লাল মুক্তধারা অডিটরিয়ামে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন কি বাত অনুষ্ঠানে শোনেন৷ উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য, আগরতলা পুর মেয়র দীপক মজুমদার।

**********************

**PM SVANidhi Union Minister-2:**

এদিকে, আজ আগরতলার সরকারী অতিথি শালায় বিদ্যুৎ এবং নগর উন্নয়নের কিছু প্রকল্প নিয়ে পর্যালোচনা বৈঠক শেষে কেন্দ্রীয় বিদ্যুৎ ও উন্নয়ন মন্ত্রী মনোহর লাল সাংবাদিক সম্মেলনে বলেন, আজকের বৈঠকে পিএম স্বনিধি প্রকল্প, ওয়েস্ট ম্যানেজমেন্ট, স্যানিটেশন ও স্বচ্ছ শহর, পিএম সৌর বিদ্যুৎ বিজলি যোজনা, ইন্টার স্টেট ট্রান্সমিশন লাইন সংযোগ ইত্যাদি বিষয় নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়| তিনি বলেন, ভারত সরকার আগামী বছরের মধ্যে দেশব্যাপী ৩00 গিগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের এক বিশাল লক্ষ্যমাত্রা রেখেছে। বিদ্যুৎ শক্তির উৎসগুলিকে আরও বহুমুখী করে তোলার লক্ষ্য নিয়ে ২0৪৭

সালের মধ্যে ১00 গিগাওয়াট পারমাণবিক বিদ্যুৎ উৎপাদনের একটি কৌশলগত লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে৷

তিনি আরও বলেন, আগরতলার দেবেন্দ্রনগরে বর্জ্য প্রক্রিয়াকরনের জন্য কেন্দ্রীয় সরকার ১00 কোটি টাকা বরাদ্দ করেছে৷ রাজ্যের চারটি প্রধান শহর- আগরতলা, ধর্মনগর, মেলাঘর এবং উদয়পুরে স্বচ্ছ ও পরিচ্ছন্ন বজায় রাখার জন্য ২৭ কোটি টাকা, বরাদ্দ করা হয়েছে।

বিদ্যুৎ খাতে ত্রিপুরার কর্মক্ষমতার প্রশংসা করে কেন্দ্রীয় মন্ত্রী বলেন, ২০২৭ সালের মার্চ মাসের মধ্যে ত্রিপুরার ২ লক্ষ পরিবারে সৌর বিদ্যুৎ সংযোগ প্রদানের একটি উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে৷ বিদ্যুৎ চুরির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিয়ে সমস্ত বেআইনি বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার নির্দেশ দিয়েছেন কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রী।

**********************

**PM-Maan Ki Baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ‘মন কি বাত’ অনুষ্ঠানের ১৩৪-তম পর্বে জাতি গঠন, সাংস্কৃতিক গর্ব এবং সম্মিলিত উদ্যোগের গুরুত্ব তুলে ধরেন। তাছাড়া তিনি দেশের ক্রীড়াক্ষেত্রে তরুণদের সাফল্য, প্রাচীন সাংস্কৃতিক ঐতিহ্য পুনরুদ্ধার, গ্রীষ্মকালীন ফল ও ঐতিহ্যবাহী পানীয়, জ্যোতির্বিজ্ঞানের প্রতি যুবসমাজের আগ্রহ, সেনা কল্যাণে নাগরিকদের অবদান, নদী পরিচ্ছন্নতা এবং বন্যপ্রাণ সংরক্ষণ-সহ একাধিক বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

গ্রীষ্মকাল প্রসঙ্গে প্রধানমন্ত্রী দেশের বিভিন্ন অঞ্চলের বিখ্যাত আমের প্রজাতির কথা তুলে ধরেন। তিনি বলেন, →বর্তমানে দেশের বেশিরভাগ অংশই তীব্র গরমে কাবু। এই ঋতুতে নিজের যত্ন নেওয়া খুব জরুরি - জল পান করতে থাকুন, রোদে বের হওয়ার সময় সতর্ক থাকুন।

প্রধানমন্ত্রী মোদী বলেন, →গ্রীষ্মের আগমনের সঙ্গে সঙ্গে প্রতিটি ঘরে ঘরে আরেকটি আলোচনা শুরু হয় - সেটি হলো আম নিয়ে৷ তিনি বিভিন্ন প্রদেশের বিভিন্ন ধরনের আমের বৈশিষ্ঠ্য বিস্তারিত উল্লেখ করে বলেন, আমের যাত্রা এখন গ্রাম থেকে বিশ্ব বাজারেও পৌঁছে যাচ্ছে। তিনি আম চাষের সঙ্গে যুক্ত কৃষক বন্ধুদের প্রশংসা করেন।

জ্যোতির্বিজ্ঞানের প্রতি তরুণদের আগ্রহের প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন, জ্যোতির্বিজ্ঞানের প্রতি ভারতীয়দের বরাবরই বিশেষ আকর্ষণ রয়েছে৷ তিনি যুবকদের অবশ্যই জ্যোতির্বিজ্ঞান ক্লাবে যোগ দিতে উৎসাহিত করেন এবং এই ছুটির সময়, অবশ্যই একটি প্ল্যানেটেরিয়ামেও ঘুরে আসতে বলেন।

########Byte PM########

***********************

**Shibraj Singh Chouhan :**

কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান আগামীকাল মধ্যপ্রদেশের রায়সেন জেলা থেকে 'ক্ষেত বাঁচাও অভিযান'-এর উদ্বোধন করবেন। মাসব্যাপী এই প্রচার অভিযানটি ৩০শে জুন পর্যন্ত চলবে। এই প্রচার অভিযানের মূল লক্ষ্য থাকবে সারের সুষম ও বিচক্ষণ ব্যবহার, আবহাওয়াজনিত প্রতিকূলতার পরিপ্রেক্ষিতে কৃষকদের সময়োচিত পরামর্শ প্রদান, পঞ্চায়েত পর্যায়ে সক্রিয় অংশগ্রহণ এবং প্রকল্পগুলির সুফল সরাসরি গ্রামে পৌঁছে দেওয়া।

***********************

**NSS:**

মহিলা মহাবিদ্যালয় এন এস এস ইউনিটের উদ্যোগে আজ তামাক বিরোধী দিবস উপলক্ষে যোগেন্দ্রনগর রেলস্টেশনে উপস্থিত যাত্রী ও জনগণের মধ্যে

তামাকের কুফল সম্পর্কিত লিফলেট তুলে দেওয়া হয় বলে জানিয়েছেন এন এস এস প্রোগ্রাম অফিসার রমা ভট্টাচার্য|

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস।

***********************

***********************